



সংবিধান সংশোধনে বিরোধীদের সহযোগিতা নেই: স্বরাষ্ট্রমন্ত্রী



স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ। ছবি: সংগৃহীত

বিরোধী দলের বক্তব্যের সঙ্গে সাংবিধানিক সংস্কারে তাদের ভূমিকার সামঞ্জস্য থাকা প্রয়োজন বলে মন্তব্য করেছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ।

সোমবার (১৯ অক্টোবর) রাজধানীর ওসমানী উদ্যানে জুলাই স্মৃতিস্তম্ভ ও উদ্যানের আধুনিকায়ন কাজের উদ্বোধনী অনুষ্ঠানে তিনি এ কথা বলেন।

স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, সরকার বিরোধী দলের গঠনমূলক সমালোচনা ও ভুলত্রুটি ভুলে ধরা প্রত্যাশা করে। তবে তাদের বক্তব্য ও সংস্কারে ভূমিকার মধ্যে মিল থাকা জরুরি।

তিনি বলেন, ২০০৯ থেকে ২০২৪ সাল পর্যন্ত গণতান্ত্রিক আন্দোলনের ধারাবাহিকতায় ৫ আগস্টের ছাত্র-গণঅভ্যুত্থান সংঘটিত হয়েছে। ভবিষ্যৎ নির্মাণে জুলাইকে পথনির্দেশক হিসেবে বিবেচনা করতে হবে। সাহিত্য, নাটক ও সাংস্কৃতিক কর্মকাণ্ডে জুলাইয়ের চেতনা তুলে ধরতে হবে; একে শুধু বার্ষিক আনুষ্ঠানিকতায় সীমাবদ্ধ রাখা যাবে না।

জুলাই জাতীয় সনদ বাস্তবায়ন প্রসঙ্গে সালাউদ্দিন আহমেদ বলেন, সাংবিধানিক প্রক্রিয়ার পাশাপাশি কিছু আইনি ও বিধিবিধানসংক্রান্ত কাজ রয়েছে। সরকার সংবিধান সংশোধন করতে চায়। কেউ একে সংস্কার বললে আপত্তি নেই। তবে এ বিষয়ে বিরোধী দল এখনো সহযোগিতা করছে না।